

মধুর আমার মায়ের স্মৃতি

রোজ সকালে মায়ের ডাকে
ভাঙতো আমার ঘুম
মায়ের আদর সোহাগ মাখা
মিষ্টি মধুর চুম
মায়ের স্নেহের পরশ নিয়েই
কাটতো সারাদিন।

ছোট খাটো খুটি নাটি
সবকিছুতেই মায়ের দৃষ্টি
রোগে শোকে কষ্ট পেলে
মা-ই নিতেন কোলে তুলে
মায়ের বুক মুখ লুকিয়ে
দুঃখ সকল যেতাম ভুলে
আমার সকল সুখের আশে
কাটতো মায়ের দিন।

মায়ের হাতের পায়ের পিঠা
মাছের ঝোল মাংস ভুনা
স্বপ্নময় দিনগুলো সেই
যায় না আজো ভোলা
স্মৃতির পাতায় সকল কিছু
যতন করে তোলা
মা দিবসে মায়ের স্মৃতি
চির অমলিন।

নাছিমা বেগম এনডিসি
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব